

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
মেরামত ও রক্ষণাবেক্ষন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৬.১১৪.০১.০০.০২৩.২০১১-৩৮৫

তারিখ : ১৩/১২/২০১২ খ্রিঃ

বিষয় : ২০১৩-২০১৪ অর্থ বছরের প্রাক্কলনসহ কর্মপরিকল্পনা এবং ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রাক্কলনবিহীন কর্মপরিকল্পনা সংযুক্ত ছক অনুযায়ী প্রেরণ সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নযোগ্য স্বাস্থ্য স্থাপনা সমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য সংশ্লিষ্ট অর্থ বছরের প্রাক্কলনসহ এবং পরবর্তী অর্থ বছরের প্রাক্কলনবিহীন বাৎসরিক কর্মপরিকল্পনা স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণ প্রেরণ করে থাকেন। ইতিপূর্বে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরের প্রাক্কলনসহ কর্মপরিকল্পনা এবং ২০১৩-২০১৪ অর্থ বছরের প্রাক্কলনবিহীন কর্মপরিকল্পনা বিগত অর্থ বছরে নির্ধারিত সময়ে ১৫/৪/২০১২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে পাওয়া যায়। উক্ত কর্মপরিকল্পনার উপর মন্ত্রণালয়ের কার্যক্রম গ্রহন করা হচ্ছে। এই ধারাবাহিকতা অনুসরণ করে আগামী ২০১৩-২০১৪ অর্থ বছরের প্রাক্কলনসহ এবং ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রাক্কলনবিহীন বাৎসরিক কর্মপরিকল্পনা একসঙ্গে প্রতিষ্ঠান প্রধানগণ প্রেরণ করবেন। উক্ত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রেরণের সময় এক্সেল প্রেগ্রামের মাধ্যমে হার্ড কপির সাথে সফট কপি প্রেরণ করতে হবে।

২। উল্লেখ্য যে, বিগত সময়ে লক্ষ্য করা গেছে অধিকাংশ প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের প্রতিষ্ঠানের সামগ্রিক ০১ (এক) বছরের কর্মপরিকল্পনা প্রাক্কলন সহ নির্ধারিত ছক পূরণ করে একসঙ্গে প্রেরণ করেন না বস্তু বস্তু ভাবে প্রেরণ করে থাকেন। এই প্রবণতার কারণে সংশ্লিষ্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের অনেক গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করতে সমস্যার সৃষ্টি হয়। আরো উল্লেখ্য যে, বিগত অর্থ বছরে প্রতিষ্ঠান প্রধানগণ ২০১৩-২০১৪ অর্থ বছরের যে অগ্রিম কর্মপরিকল্পনা প্রেরণ করেছিলেন উক্ত কর্মপরিকল্পনা সংশোধন/সংযোজন করে প্রাক্কলন প্রস্তুত করে এ বছর প্রেরণ করা যাবে। এছাড়া যে সকল প্রতিষ্ঠান প্রধান বাৎসরিক পরিকল্পনা নির্ধারিত ছক (সংযুক্ত) পূরণ না করে প্রেরণ করবেন। সে সমস্ত প্রতিষ্ঠানের কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়ে বিবেচিত হবে না।

৩। বর্ণিত অবস্থায়, ২০১৩-২০১৪ অর্থ বছরের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এক বছরের সামগ্রিক বাৎসরিক প্রাক্কলন সহ কর্মপরিকল্পনা নির্ধারিত ছক পূরণ করে একসঙ্গে ও ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রাক্কলনবিহীন কর্ম পরিকল্পনা এক্সেল প্রেগ্রামের মাধ্যমে ভিন্ন ভিন্ন ভাবে হার্ড কপির সাথে সফট কপিসহ আগামী ২৮/২/২০১৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া জরুরী প্রয়োজনে dsrcm@mohfw.gov.bd নম্বর ই-মেইলে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো।

(মোঃ মনিরুজ্জামিন) (১৬/১২/১২)
উপ-সচিব
ফোন : ৯৫৪০৯২২

অঃ পৃঃ দ্রঃ

বিতরণ :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নিপোট, আজিমপুর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। পরিচালক, (সকল পরিদপ্তর)
- ৬। পরিচালক, (সকল মেডিকেল কলেজ হাসপাতাল)
- ৭। পরিচালক, (সকল বিশেষায়িত হাসপাতাল)
- ৮। অধ্যক্ষ, (সকল মেডিকেল কলেজ)
- ৯। সিভিল সার্জন, (সকল জেলা)
- ১০। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল জেলা)
- ১১। অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক, ম্যাটস (সকল)
- ১২। অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক, (সকল নার্সিং প্রশিক্ষণ কেন্দ্র)
- ১৩।

নং-৪৫.১৬৬.১১৪.০১.০০.০২৩.২০১১-৩৮৫

তারিখ : ১৩/১২/২০১২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গণপূর্ত অধিদপ্তর,
- ৮। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল বিভাগ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,

(মোঃ মানিক জামান)
উপ-সচিব
ফোন : ৯৫৪০৯২২

